



PROSHIKA

A CENTRE FOR HUMAN DEVELOPMENT

ডিসেম্বর ২৩, ২০২৪

বরাবর

কেন্দ্রীয় ব্যবস্থাপক

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

বিষয়ঃ প্রশিকার অভ্যন্তরীণ উন্নয়ন কর্মী থেকে শাখা ব্যবস্থাপক (BM)-এর দায়িত্ব প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত নির্দেশনা ও সিলেবাস-এর আলোকে বিভাগীয় পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

প্রিয় সহকর্মী,

আপনি অবগত আছেন যে, গত ০৮.০৮.২০২৪ (সূত্র নং এইআরডি/২০২৪/৪৬১-১) তারিখে সম্ভাব্য শাখা ব্যবস্থাপকের তালিকা চেয়ে আপনার আওতাধীন উন্নয়ন এলাকাসমূহ থেকে উন্নয়ন কর্মীর তালিকা চাওয়া হয়। উক্ত তালিকা থেকে একটি নির্বাচনী পরীক্ষার মাধ্যমে শাখা ব্যবস্থাপকের একটি প্যানেল চূড়ান্ত করে ৩৭ জনকে প্রশিক্ষণ দেওয়া হয় এবং ঐ তালিকা থেকে বিভিন্ন শাখায় পোস্টিং দেওয়া হয়। এছাড়াও অবশিষ্ট ১৬ জন নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণ গ্রহণের অপেক্ষায় আছে। এমতাবস্থায় আপনার এলাকায় যদি আরও কোনো যোগ্য প্রার্থী থাকে তাদের তালিকা আগামী ৩১.১২.২০২৪ তারিখের মধ্যে মানবসম্পদ বিভাগে জমা দেওয়ার জন্য বলা হলো। উল্লেখ্য যে, ইতোপূর্বে যারা কৃতকার্য হতে পারেননি তাদেরকে তালিকাভুক্ত করার প্রয়োজন নেই। এখন থেকে অন্তত পরবর্তি ৩(তিন) মাস তাদের কাজ দেখে সন্তোষজনক হলে পুনরায় তাদের তালিকাভুক্ত করার পর পরীক্ষা গ্রহণ করা হবে।

তালিকাভুক্ত সম্ভাব্য শাখা ব্যবস্থাপকের নিম্নলিখিত বিষয়ের উপর দক্ষতা যাচাইয়ের জন্য নির্বাচনী পরীক্ষা গ্রহণ করা হবে-

* কম্পিউটার পরিচালনায় দক্ষতা * ঋণ কার্যক্রমের সকল স্তরে দক্ষতা * সঞ্চয়ঃ PSS (RFI, RAI), ESSP ইত্যাদি * গ্রুপ সদস্য নির্বাচনে দক্ষতা * প্রকল্প প্রদানের পূর্বে সম্ভাব্যতা যাচাই * পোর্টফলিও এর গুণগত ও সংখ্যাগত মান নিশ্চিতকরণ প্রক্রিয়া * হিসাবসংক্রান্ত যাবতীয় কাজ যথা- ক্যাশবুক, ভাউচার ইত্যাদি * প্রশিকার অভ্যন্তরীণ সফটওয়্যার পরিচালনা * যোগাযোগ দক্ষতা- মৌখিক, অফিসিয়াল আবেদনপত্র/চিঠিপত্র লেখা ও বিভিন্ন প্রতিবেদন প্রস্তুত করা * ব্যবস্থাপনা প্রক্রিয়া * দ্বন্দ্ব ব্যবস্থাপনা * দ্বন্দ্ব নিরসনের উপায়/কৌশল ইত্যাদি * সাংগঠনিক আচরণ- সদাচরণ ও মূল্যবোধ সম্পর্কে বিভাগীয় পরীক্ষা গ্রহণের পর মানবসম্পদ বিভাগ উত্তীর্ণ কর্মীদের একটি তালিকা প্রস্তুত করবে। উক্ত তালিকা থেকে প্রয়োজনানুযায়ী উন্নয়ন এলাকার সংশ্লিষ্ট কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক শাখা ব্যবস্থাপকের দায়িত্ব প্রদান করা হবে।

উল্লেখ্য যে, এখন থেকে উক্ত প্রক্রিয়া ছাড়া অভ্যন্তরীণ কর্মীদের থেকে সরাসরি শাখা ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব প্রদান করা হবে না।

এখানে আরও উল্লেখ্য যে, উত্তীর্ণ প্রার্থীদের প্রশিক্ষণ বিভাগ পর্যায়ক্রমে প্রয়োজনীয় প্রশিক্ষণ তথা বুণিয়াদি ব্যবস্থাপনা প্রশিক্ষণ প্রদান করবে।

এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগীতা কামনা করছি।

ধন্যবাদ।

সিরাজুল ইসলাম

প্রধান নির্বাহী

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র।

অনুলিপিঃ

- উপ-প্রধান নির্বাহীদয়।
- সকল উর্ধ্বতন পরিচালক/পরিচালকবৃন্দ।

সূত্র নংঃ এইচআরডি/২০২৪/৮১৫

প্রশিকা মানবিক উন্নয়ন কেন্দ্র
উন্নয়ন কর্মী থেকে সম্ভাব্য শাখা ব্যবস্থাপকদের তালিকা

ফরমেট: DW to BM; 03/2024

কেন্দ্রীয় ব্যবস্থাপকের নাম : -----

কর্মী নং : -----

ক্র.নং	কর্মীর নাম ও কর্মী নং	উন্নয়ন এলাকার নাম	প্রশিকায় চাকুরীর বয়স ডিসেম্বর ২৪ পর্যন্ত	শিক্ষাগত যোগ্যতা	কম্পিউটার বিষয়ক দক্ষতা	মতব্য
১						
২						
৩						
৪						
৫						
৬						
৭						

কেন্দ্রীয় ব্যবস্থাপকের স্বাক্ষর
তারিখ :

উর্ধ্বতন পরিচালক/পরিচালকের স্বাক্ষর
তারিখ :